গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল

এলজিইডি'র ইনোভেশন টিম-এর অক্টোবর ২০২২ মাসের সভা

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জসিম উদ্দিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) |
| সভার তারিখ | ২০ অক্টোবর ২০২২ ইং |
| সভার সময় | সকাল ০৯:০০ ঘটিকা। |
| স্থান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)-এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি। |
| উপস্থিতি | সংযুক্তি-১ |

এলজিইডি'র ইনোভেশন টিম-এর সেপ্টেম্বর মাসের সভা বিগত ২০/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জসিম উদ্দিন। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

**এজেন্ডা – ০১: এলজিইডি'র ইনোভেশন টিম-এর সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত সেপ্টেম্বর ২০২২ মাসের সভায় তেরো (১৩) টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল তাদের উপস্থাপনা প্রদান করবে।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ আবু রায়হান বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত ৮ অগাস্ট ২০২২ তারিখে প্রত্যেক জেলায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের নিমিত্ত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ইনোভেশন টিম গঠনপূর্বক তা স্ব স্ব জেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরিত একটি পত্র এবং বিগত ০৬ অক্টোবর ২০২২ তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) কর্তৃক স্বাক্ষরিত একটি তাগাদা পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে এর মধ্যে ২০ টি জেলা ইনোভেশন টিম ও ওয়েবসাইটে আপলোড করেছে, ০৩ টি জেলা ইনোভেশন টিম গঠন করেছে কিন্তু ওয়েবসাইটে আপলোড করেনি এবং ৪১ টি জেলা ইনোভেশন টিম গঠন করেনি।

নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত) জনাব মোহাঃ শরীফ উদ্দীনবলেন যে, এলজিইডি'র জেলা কার্যালয়ে থেকে ইনোভেশন টিম গঠনের পত্র না আসাটা খুবই হতাশাজনক।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে আরো একটি তাগাদা পত্র ৪১ (এক চল্লিশ) টি জেলাতে প্রেরণ করা যেতে পারে।ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা)বলেন যে, এলজিইডি'র গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অ্যাকশান প্ল্যান তৈরি করেছে এবং অ্যাকশান প্ল্যানটি প্রধান প্রকৌশলী মহোদয়ের থেকে অনুমোদন নেওয়া হয়েছে।বর্তমানে প্রণীত অ্যাকশান প্ল্যান অনুযায়ী কাজ চলমান আছে। তবে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধি করা প্রয়োজন।

কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য সময়সীমা বৃদ্ধির করার ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রণীত "ট্রেনিং ক্যালেন্ডার" এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য কোন বাজেট বরাদ্দ নেই। তাই এই কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্ধারিত সময়সীমা বৃদ্ধি করা প্রয়োজন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, "ট্রেনিং ক্যালেন্ডার" এ অন্তর্ভুক্ত না থাকলে যেকোন প্রকল্পের মাধ্যমে এই সকল কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। যেহেতু প্রকল্পের মাধ্যমে এই কাজটি সম্পাদন করা হবে তাই এক বা একাধিক প্রকল্প দ্রুত বাছাই করে প্রকল্প পরিচালকের সাথে আলাপ-আলোচনা করে উক্ত কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে। সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য সময়সীমা বৃদ্ধির জন্য প্রস্তাব করলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের জন্য এর আগে কর্মশালা ও প্রশিক্ষণের কনটেন্ট, বাজেট সহ অন্যান্য বিষয় ঠিক করতে হবে। তাই এখনই অ্যাকশান প্ল্যান সংশোধন না করে পরবর্তী সভায় সকল দিক বিবেচনা করে সংশোধনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত সেপ্টেম্বর ২০২২ মাসের সভায় Integrated E-Meeting Schedule Software প্রণয়নকরণ এবং এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করা – উক্ত দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য হিসেবে চিহ্নিত করা হয়।

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জনাব রকিবুল হাসান বলেন যে, এলজিইডির অভ্যন্তরীণ ওয়েব-প্রোগ্রামারদের সহায়তায় Integrated E-Meeting Schedule Software এর একটি পাইলট ওয়েবপেজ তৈরি করা হয়েছে। এই ওয়েবপেজের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর থেকে প্রতিদিনের Scheduling এর কাজটি খুব সহজে তৈরি করা যাবে। এই Software এর সাথে PMIS Software এর ইন্ট্রিগেশন করা হয়েছে। ফলে Scheduling তৈরি করার সময়ে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের নাম, পদবী সহ অন্যান্য কোন কিছুই আর নতুন করে খুঁজে বের করতে হবে না এবং Scheduling টি তৈরি করা হলে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের সবার কাছে নোটিফিকেশন চলে যাবে। বর্তমানে ল্যাপটপ/ডেস্কটপ ভিত্তিক ওয়েবপেজে তৈরি করা হয়েছে। তবে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে হলে ৫-৭ লক্ষ টাকার প্রয়োজন আছে।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, এলজিইডি'র মূল ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার ব্যাপারে এলজিইডি'র ভবন রক্ষণাবেক্ষণের সহকারী প্রকৌশলীর সাথে কথা বলা হয়েছে। তিনি জানিয়েছে যে, পূর্বে অস্থায়ী ভিত্তিতে ইলেক্ট্রনিক বোর্ড ছিল যা বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহার করা হয়ে থাকতো। তবে বর্তমানে এই কার্যক্রমগুলো এর চলমান নেই। আইসিটি ইউনিটের সাথে আলোচনা করে জানা গেছে যে, ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার জন্য ফ্লোর/তলা তৈরি করে ব্লক ভিত্তিক কনটেন্ট তৈরি করে ইলেক্ট্রনিক বোর্ডে নামগুলো ডিসপ্লে করা যাবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে উক্ত দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৪ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত ০৬-১০-২০২২ তারিখে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছক পূরণ করে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং এর পাশাপাশি ডাটাবেজটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র গুলো এখনো ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট)ও গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলঅতিসত্বর ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৫ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, মিটিং এ এলজিইডির সিস্টেম এনালিস্ট জনাব প্রশান্ত কুমার কবিরাজ কে আমন্ত্রণ জানানো হয়েছিল। তবে ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে একটি কর্মশালা থাকায় তিনি উপস্থিত হতে পারেনি।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ২০১৯ সালে ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য মোট সাত (০৭) টি কার্যক্রম চিহ্নিত করে তৎকালীন প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি পত্র প্রেরণ করা হয়েছিল। তবে বর্তমানে খুব অল্প সংখ্যক লোক ই-নথি সিস্টেম ব্যবহার করছে।

প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) জনাব মোঃ আমিরুল ইসলাম খান জানান যে, করোনার সময়ে ই-নথির মাধ্যমে ফাইল নিস্পত্তির হার বৃদ্ধি পেলেও এখন অনেক খানি কমে গেছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে আরো একটি তাগাদা পত্র সদর দপ্তরের সকল ইউনিট/প্রকল্প এবং সকল জেলাতে প্রেরণ করা যেতে পারে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৬ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলের নির্বাহী প্রকৌশলীকে সভাপতি করে ০৯ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনকরা হয়েছে। ইতোমধ্যে উক্ত কমিটির তিন (০৩) টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় একটি খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে কর্ম পরিকল্পনাটি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তাই উক্ত কর্ম পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করার পূর্বে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদন নেওয়া প্রয়োজন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে প্রণীত খসড়া কর্মপরিকল্পনা অনুমোদন নিয়ে পরবর্তী সিদ্ধান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৭ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা)জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রশিক্ষণ ইউনিট

কর্তৃক প্রণীত “ট্রেনিং ক্যালেন্ডার” এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের জন্য কোন বাজেট নেই। তাই এখন প্রকল্পের মাধ্যমে উক্ত কর্মশালা আয়োজন করতে হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লব একটি নতুন বিষয় এলজিইডি’র জন্য। তাই ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের পূর্বে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট তৈরি করতে হবে। এই জন্য আইসিটি ইউনিটের নির্বাহী প্রকৌশলীকে জনাব নুরজাহানকে সভাপতি করে পাঁচ (০৫) সদস্য বিশিষ্ট একটি কমিটি তৈরি করা যেতে পারে। এই কমিটিতে আরো থাকবেন সিনিয়র সহকারী প্রকৌশলী জনাব রকিবুল হাসান, ডিজাইন ইউনিটের সহকারী প্রকৌশলী জনাব মালিহা আলম এবং গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলের সহকারী প্রকৌশলীগণ জনাব তানজিলা ইসলাম এবং জনাব মোঃ আবু রায়হান। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৮ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

নির্বাহী প্রকৌশলী (আইসিটি) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য আইসিটি ইউনিটকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও যেন আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে সে ব্যাপারে নির্বাহী প্রকৌশলী (আইসিটি) কে অনুরোধ জানান।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ০৯ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত ইতোমধ্যে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করা হয়েছে, কিন্তু এলজিইডির ২০২২-২৩ অর্থবছরের টেনিং ক্যালেন্ডারে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রাখা হয়নি। এমতবস্থায়, এলজিইডির কোনো প্রকল্প থেকে এই প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। তখন ইনোভেশন টিমের সদস্য ও প্রকল্প পরিচালক (জিডিপি-৩) জানান যে, তার প্রকল্প থেকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যাবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের পূর্বে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট তৈরি করতে হবে। তাই ০৭ নং সিদ্ধান্তের আলোকে গঠিত কমিটি এই কাজটি করতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ১০ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার ও সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত খাতে কোনো অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া, সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন শাখা) জানান যে, গতবছরেও এপিএ-তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের জন্য অনুরুপ কর্ম-সূচক ছিলো এবং সেখানেও কোনো অর্থ বরাদ্দ না থাকায় বছরান্তে মূল্যায়নের সময় এই কর্ম-সূচকে মার্ক্স কেটে নেয়া হয়েছিলো। সেক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে গৃহীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তনবায়ন করতে কি পরিমাণ অর্থ বরাদ্দ প্রয়োজন হতে পারে তার একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট আবেদন করা যেতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন। ইনোভেশন অফিসার এ ব্যাপারে সকল সদস্যকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ১১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা)জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এলজিইডির ইনোভেশন টিমের অ্যাকশান প্ল্যান অনুযায়ী আগামী ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের

মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যাপারে বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সেই লক্ষ্যে ইনোভেশন টিমকে সহযোগিতা করার অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্যগণ অ্যাকশান প্ল্যান অনুযায়ী প্রতিবেদনসমূহ প্রেরণের ব্যাপারে একমত পোষন করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ১২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা)জানান যে, ৩১/১২/২০২২ তারিখের মধ্যে দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। বিগত অর্থবছরে এলজিইডির ইনোভেশন টিম i-lab এর ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করে এবং ঢাকা ওয়াসা থেকে ইনোভেশন টিম এলজিইডির ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করে। গত সভায় ঢাকা ওয়াসা'র ইনোভেশন কার্যক্রম পরিদর্শনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়েছিলো। এক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে এলজিইডির ইনোভেশন টিম ঢাকা ওয়াসা'র পরিবর্তে বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করতে পারে, যাতে করে নতুন নতুন ইনোভেশন আইডিয়া সম্পর্কে ধারণা পাওয়া যায়। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**সেপ্টেম্বর মাসের সভায় গৃহীত ১৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

বিগত সভায় প্রকল্প পরিচালক (জিডিপি-৩) কর্তৃক প্রণীত ও উপস্থাপিত Office Management Software টাকে এলজিইডিতে ব্যবহৃত অন্যান্য Software এর সাথে ইন্টিগ্রেশন করা যায় কিনা আইসিটি ইউনিট এই সংক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সময়ের স্বল্পতার জন্য ইনোভেশন টিমের সভায় কোনো আলোচনা করা যায়নি। আগামী সভায় এ সংক্রান্ত আলোচনা করা হবে।

বর্ণিত আলোচনার আলোকে এজেন্ডাগুলো বাস্তবায়নে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ০১। | এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি তাগাদা পত্র জেলাগুলোতে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০২। | ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যান গৃহীত লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৩। | দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৪। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজের ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি ইউনিট এবং ইনোভেশন টিম |
| ০৫। | এলজিইডি'র প্রত্যেক কার্যালয়ে ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৬। | প্রণীত খসড়া কর্মপরিকল্পনা অনুমোদন নিয়ে পরবর্তী সিদ্ধান্ত কার্যক্রম গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম |

| | | |
|---|---|---|
| ০৭। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের জন্য বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট প্রণয়ন করার জন্য পাঁচ (০৫) সদস্য বিশিষ্ট নিম্নলিখিত কমিটি প্রণয়ন করা হলো –<br>● জনাব নুরজাহান, নির্বাহী প্রকৌশলী (আইসিটি ইউনিট)<br>● জনাব রকিবুল হাসান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট)<br>● জনাব মালিহা আলম, সহকারী প্রকৌশলী (ডিজাইন ইউনিট)<br>● জনাব তানজিলা ইসলাম, সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল)<br>● জনাব মোঃ আবু রায়হান, সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের জন্য বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট প্রণয়ন কমিটি |
| ০৮। | এলজিইডির আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |
| ০৯। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা আয়োজনের জন্য বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট প্রণয়ন করার জন্য পাঁচ (০৫) সদস্য বিশিষ্ট নিম্নলিখিত কমিটি প্রণয়ন করা হলো –<br>● জনাব নুরজাহান, নির্বাহী প্রকৌশলী (আইসিটি ইউনিট)<br>● জনাব রকিবুল হাসান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট)<br>● জনাব মালিহা আলম, সহকারী প্রকৌশলী (ডিজাইন ইউনিট)<br>● জনাব তানজিলা ইসলাম, সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল)<br>● জনাব মোঃ আবু রায়হান, সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক কনটেন্ট এবং বাজেট প্রণয়ন কমিটি |
| ১০। | ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তনবায়নের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১১। | ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১২। | ৩১/১২/২০২২ তারিখের মধ্যে এলজিইডির ইনোভেশন টিম তথ্য ও যোগাযোগ অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করবে। এলক্ষ্যে, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর বরাবর ইনোভেশন কার্যক্রম পরিদর্শনের অনুমতি চেয়ে একটি চিঠি প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১৩। | Office Management Software টাকে এলজিইডিতে ব্যবহৃত অন্যান্য Software এর সাথে ইন্ট্রিগেশন করা যায় কিনা আইসিটি ইউনিট এই সংক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |

মোঃ জসিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.১৮ তারিখ: ১৪ কার্তিক ১৪২৯

৩০ অক্টোবর ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

২) পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

৩) এলজিইডি ইনোভেশন টিম (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)

৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির প্রেরণ করা হলো)

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল)

# Attendance Sheet

এলজিইডি'র ইনোভেশন টিমের সভা

Venue: LGED Bhaban, Level-06, Agargaon, Dhaka.
Date: 20-10-2022 Time: 09.00 AM

| ক্র: নং | নাম,পদবী ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মো: জহির উদ্দিন | | 20/10 |
| ০২। | মো: আমিরুল ইসলাম খান<br>প্র: প: - GDP-3 | 01711683290 | 20/10/2022 |
| ০৩। | মো: মাহমুদ হাসান<br>প্র. প. EUCP2 | 01713783425 | 20.10.22 |
| ০৪। | নূর আহমদ<br>XEN ICT, LGED | 01711150876 | Ashraf<br>20/10/2022 |
| ০৫। | মোহা: শহীদ উদ্দীন<br>নি-প্র (সু. ও ত.) | 01711-172961 | 20/10/2022 |
| ০৬। | মোহসেনা পারভীন<br>সিনিয়র সহকারী প্রকৌশলী-<br>মনিটরিং ও মূল্যায়ন ইউনিট | 01775986882<br>shohansrc@yahoo.com | 20/10/2022 |
| ০৭। | রকিবুল হাসান<br>সি.স.প্র, ডিজাইন ইউনিট | 01717813918<br>rokib.ce@gmail.com | 20/10/2022 |
| ০৮। | মালিহা আলম মিথু -<br>সহকারী প্রকৌশলী -<br>ডিজাইন ইউনিট | 01521496813<br>maliha.alam.1397@gmail.com | 20/10/22 |

| ক্র: নং | নাম,পদবী ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৯। | তানজিলা ইসলাম<br>সহকারী প্রকৌশলী<br>RIKM Cell, Planning Unit | 01913452835<br>tanzila.emon@gmail.com | Tanzila<br>20.10.22 |
| ১০। | মো: আবু রায়হান<br>সহকারী প্রকৌশলী<br>RIKM Cell, Planning Unit | 01674931268<br>aasifraihan049@gmail.com | [signature]<br>20.10.2022 |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |